তারিখঃ ১০-০৩-২০২৫ খ্রিষ্টাব্দ

শ্রদ্ধেয় বিশপ মহোদয়,
সুন্দরবন উপকূল অঞ্চলের আদিবাসী মুন্ডাদের পক্ষ থেকে আপনাকে শুভেচ্ছা জানাচ্ছি। আশাকরি আপনি মহান সৃষ্টিকর্তার আর্শিবাদে ভাল আছেন। আপনি অবগত আছেন যে, আমাদের সুন্দরবন অঞ্চলের বসবাসরত আদিবাসী মুন্ডাদের উন্নয়নে শ্রদ্ধেয় ফাঃ লুইজী পাজ্জী এস,এক্স দীর্ঘ প্রায় ২৪ বছর যাবৎ নানামুখী উন্নয়নমুলক কার্যক্রম বাস্তবায়ন করে চলেছেন। এজন্য আমরা ফাঃ লুইজী পাজ্জী এস,এক্স এর প্রতি চিরকৃতজ্ঞ এবং বিশেষ করে ক্যাথলিক মন্ডলীর প্রতি কৃতজ্ঞতা জানাচ্ছি। তিনি সুন্দরবন উপকূলীয় অঞ্চলে আসার পর থেকে আদিবাসী মুন্ডাদের জন্য শিক্ষা, স্বাস্থ্য ও আর্থ-সামাজিক অবকাঠামোর উন্নয়নে এখনো কার্যক্রম চলমান রেখেছেন এবং মুন্ডা সম্প্রদায়ের যুবক-যুবতীদের নেতৃত্ব গঠনে সহায়ক ভুমিকা পালন করছেন।

শ্রদ্ধেয় ফাঃ লুইজী পাজ্জী এস,এক্স এর এমন সেবা ও দানের কারণে সুন্দরবন অঞ্চলের আদিবাসী মুন্ডাদের আচার-আচরণে পরিবর্তন এসেছে এবং কিছুটা হলেও পূর্বের তুলনায় বর্তমান সময়ে তাদের সামাজিক ও অর্থনৈতিক মর্যাদা বৃদ্ধি পেয়েছে। অপরদিকে আমরা কয়েক জন মুন্ডা সম্প্রদায়ের যুবক প্রায় ৪ বছরের ও অধিক সময় ধরে প্রভু যীশু খ্রিষ্টের জীবনী সম্পর্কে ও পবিত্র গ্রন্থ বাইবেল সম্পর্কে শ্রদ্ধেয় ফাঃ লুইজী পাজ্জী এর নিকট থেকে জানার চেষ্টা করেছি যাহা এখনও পর্যন্ত অব্যাহত রয়েছে। যাহার ফলশ্রুতিতে আমরা কয়েকজন মুন্ডা যুবক দীর্ঘ ৪ বছরের অধিক সময় পবিত্র বাইবেল সম্পর্কে জানার পর এবং শ্রদ্ধেয় ফাঃ লুইজী পাজ্জী এস,এক্স মহোদয়ের সেবা ও অনুগ্রহ দেখে সন্তুষ্ট হয়ে মন স্থির করেছি যে, আমরা প্রভু যীশু খ্রিষ্টের শিষ্য হতে চাই। আমরা বিশ্বাস করি প্রভু আমাদের উপর আর্শিবাদ দিয়েছেন এবং তিনি সন্তুষ্ট হইলে আগামী দিনগুলোতে আমরা সুন্দরবন অঞ্চলের অসহায় ও নিপীড়িত মানুষের জন্য আরো বেশি সেবা ও অনুগ্রহের কাজ করতে পারব। আমরা যাহাতে প্রভু যীশু খ্রিষ্টের শিষ্যত্ব গ্রহণ করতে পারি এবং ক্যাথলিক মন্ডলীর সদস্য হতে পারি  সেজন্য আপনার সদয় অনুমতি প্রার্থনা করছি।

বিনীত প্রার্থনায়,

১। কৃষ্ণপদ মুন্ডা,
২। রাম প্রসাদ মুন্ডা,
৩। অসিত মুন্ডা,
৪। রতিকান্ত মুন্ডা,
৫। জগদীশ মুন্ডা
৬। উত্তম কুমার মুন্ডা,
৭। মিলন কুমার মুন্ডা,